



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প পরিচালকের কার্যালয়  
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)  
প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫  
<http://lddp.portal.gov.bd>



## পশুখাদ্য উৎপাদনে সরকারি অনুদানের পুন:বিজ্ঞপ্তি আবেদনের শেষ তারিখ: ০৬ জুলাই ২০২৩খ্রি.

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রাণিসম্পদ অধিদপ্তর দেশের প্রাণিসম্পদ খাতের সার্বিক উন্নয়নের লক্ষ্যে বিশ্বব্যাংকের আর্থিক সহযোগিতায় বাস্তবায়ন করছে “প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)। প্রকল্পটি সরকারি-বেসরকারি অংশীদারিত্বের মাধ্যমে আধুনিক যন্ত্রপাতি ও বিশ্বেশমানের প্রযুক্তি ব্যবহার করে উন্নতমানের পশুখাদ্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণের উদ্যোগ গ্রহণ করেছে। এ লক্ষ্যে ছোট আকারের ফিড-মিলারদের সাথে অংশীদারিত্ব প্রতিষ্ঠার মাধ্যমে ম্যাচিং গ্রান্টের আওতায় অনুদান প্রদান করা হবে। প্রকল্প এলাকাভুক্ত ৬১টি জেলায় (পার্বত্য তিনটি জেলা ব্যতীত) মোট একশত উদ্যোক্তাকে (ফিড-মিলার) আধুনিক যন্ত্রপাতি স্থাপনের উদ্দেশ্যে এ সরকারি সহায়তা (ম্যাচিং গ্র্যান্ট) প্রদান করা হবে।

এ লক্ষ্যে আগ্রহী ছোট আকারের ফিড-মিলারদের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। দুইটি ধাপে নির্বাচন সম্পন্ন হবে। প্রথম ধাপে নির্ধারিত মানদণ্ডের ভিত্তিতে প্রাপ্ত আবেদনপত্রসমূহ মূল্যায়নের মাধ্যমে সংক্ষিপ্ত তালিকা তৈরী করা হবে। দ্বিতীয় ধাপে সংক্ষিপ্ত তালিকাভুক্ত উদ্যোক্তাদের (ফিড-মিলার) ব্যবসা পরিকল্পনা প্রণয়নে সম্যক ধারণা প্রদানপূর্বক ব্যবসায়িক প্রস্তাবনা দাখিলের আহ্বান জানানো হবে। প্রস্তাবের কলা-কৌশল ও যথার্থতা বিবেচনা করে চূড়ান্ত তালিকা প্রণয়ন করা হবে। নির্বাচিত ফিড-মিলারদেরকে প্রস্তাবিত মোট বাজেটের সর্বোচ্চ পঞ্চাশ ভাগ (৫০%) অর্থ প্রকল্প থেকে প্রদান করা হবে। প্রতিটি ব্যবসা পরিকল্পনার বিপরীতে উক্ত ম্যাচিং গ্রান্টের পরিমাণ হবে সর্বাধিক ২০.৭৫ লক্ষ (বিশ লক্ষ পঁচাত্তর হাজার) টাকা।

### আবেদনকারীর যোগ্যতাঃ

১. আবেদনকারীকে বাংলাদেশী নাগরিক হতে হবে;
২. আবেদনকারীর ব্যবসা গবাদিপশুর খাদ্য উৎপাদন সংক্রান্ত হতে হবে এবং এ উৎপাদন কার্যক্রম প্রকল্পের আওতাভুক্ত এলাকায় অবস্থিত হতে হবে;
৩. পশুখাদ্য উৎপাদন ও বিপণনে ফিড-মিলারদের কমপক্ষে এক বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে;
৪. প্রথম ধাপে নির্বাচিত হলে দ্বিতীয় ধাপে আবেদনকারীর বৈধ ট্রেড লাইসেন্স ও টিআইএন (TIN) সার্টিফিকেট দাখিল করতে হবে;
৫. স্ব স্ব আবেদনপত্রে প্রস্তাবিত মোট বাজেটের কমপক্ষে শতকরা পঞ্চাশ ভাগ আবেদনকারীকে বহন করতে হবে;
৬. পাবলিক লিমিটেড কোম্পানি এবং স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানি আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবে না;
৭. ম্যাচিং গ্রান্ট প্রাপ্তির জন্য মহিলা উদ্যোক্তাদের (ফিড-মিলার) বিশেষভাবে উৎসাহিত করা হবে;

আগ্রহী ছোট আকারের ফিড-মিলারদের আগামী ০৬ জুলাই ২০২৩খ্রি. তারিখের মধ্যে এলডিডিপি'র নির্ধারিত ফর্মে প্রাথমিক আবেদনপত্র নিম্নে উল্লিখিত ঠিকানায় জমা দেওয়ার অনুরোধ করা হচ্ছে। আবেদনের ফর্ম এবং বিস্তারিত শর্তাবলী প্রকল্পের পোর্টাল <https://lddp.portal.gov.bd>, অধিদপ্তরের ওয়েবসাইট [www.dls.gov.bd](http://www.dls.gov.bd), সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের ওয়েবসাইট <https://mofl.gov.bd> এবং প্রকল্প পরিচালকের দপ্তরে পাওয়া যাবে। যে সকল আবেদনকারী পূর্বে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

(মো. আব্দুর রহিম)  
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)  
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)  
ফোন- ০২-৫৮১৫৪৯১৩  
ই-মেইল- [lddp@dls.gov.bd](mailto:lddp@dls.gov.bd)



**আবেদনপত্র জমাদানের ঠিকানা**  
প্রাণিসম্পদ ভবন-২ (৭ম তলা)  
প্রাণিসম্পদ অধিদপ্তর  
কৃষিখামার সড়ক, ফার্মগেট,  
ঢাকা-১২১৫।